

রেজিষ্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৯, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ১০ই শ্রাবণ ১৪০৬/২৮শে জুলাই ১৯৯৯

এস, আর, ও নং ২২৪-আইন/৯৯/১৮০১/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত Act এর FIRST SCHEDULE এর কলাম (1) এ উল্লিখিত Heading No. 85.02 এর বিপরীতে কলাম (2) তে বিধৃত সংশ্লিষ্ট H.S. Code সমূহের আওতাধীন কলাম (3) এ বর্ণিত Electric generating sets কে উহাদের উপর আরোপণীয় সমুদয় আমদানি শুল্ক এবং মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। অত্র প্রজ্ঞাপন ১৭ই আষাঢ়, ১৪০৬ বাংলা মোতাবেক ১লা জুলাই, ১৯৯৯ ইংরেজী তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১৭ই পৌষ, ১৪০৬ বাংলা মোতাবেক ০১শে ডিসেম্বর, ১৯৯৯ ইংরেজী তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে। অতঃপর উক্ত পণ্যের ক্ষেত্রে প্রদেয় সম্পূর্ণ মূল্য সংযোজন কর এবং আমদানি শুল্কের ব্যাপারে অত্র বিভাগের ১০ই জুন, ১৯৯৯ ইং তারিখের প্রজ্ঞাপন নং এসআরও ১২৫-আইন/৯৯/১৭৮৮/শুল্ক এ নির্ধারিত অব্যাহতি হার প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আব্দুল ময়্যীদ চৌধুরী

সচিব।

(৩৯৮৩)

মূল্য : টাকা ২.০০

শুল্ক

প্রজ্ঞাপন

ঢাকা, ১০ই শ্রাবণ ১৪০৬/২৮শে জুলাই ১৯৯৯

এস. আর. ও নং ২২৫-আইন/৯৯/১৮০০/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে উক্ত Act এর FIRST SCHEDULE এর Heading No. 89-08 এর বিপরীতে কলাম (২) এ বিধৃত All H.S. Codes. এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পণ্য Vessels and other floating structures for breaking up সমূহকে উহাদের উপর আরোপণীয় আমদানি শুল্ক, ৫% এর অতিরিক্ত হয় সেই পরিমাণ শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই প্রজ্ঞাপন ১০ই জুন, ১৯৯৯ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ৩১শে ডিসেম্বর, ১৯৯৯ ইংরেজী তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে। অতঃপর উক্ত পণ্যের ব্যাপারে অত্র বিভাগের ১০ই জুন, ১৯৯৯ ইং তারিখের প্রজ্ঞাপন নং এসআরও ১২৫-আইন/৯৯/১৭৮৮/শুল্ক (যাহা ৬ই জুলাই, ১৯৯৯ ইং তারিখের প্রজ্ঞাপন নং এসআরও ১৯১-আইন/৯৯/১৭৯৭/শুল্ক দ্বারা সংশোধিত)-এ নির্ধারিত অব্যাহতি হার প্রযোজ্য হইবে।

৩। অত্র বিভাগের ২৪শে আষাঢ়, ১৪০৪ বাংলা মোতাবেক ৮ই জুলাই, ১৯৯৭ ইংরেজী তারিখের জারীকৃত প্রজ্ঞাপন নং এস. আর. ও ১৭০-আইন/৯৭/১৭২০/শুল্ক এতদ্বারা বাতিল করা হইল।

রাজ্যপতির আদেশক্রমে

আব্দুল মদুদ চৌধুরী

সচিব।

আদেশ

ঢাকা, ১০ই শ্রাবণ ১৪০৬/২৮শে জুলাই ১৯৯৯

এস. আর. ও নং ২২৬-আইন/৯৯/১৭৯৯/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাংলা মোতাবেক ১২ই জুন, ১৯৯৭ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন নং এস. আর. ও ১৫২-আইন/৯৭/১৭১০/শুল্ক নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের “৩০%” সংখ্যা এবং চিহ্নটির পরিবর্তে “২৫%” সংখ্যা এবং চিহ্নটি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১০ই জুন, ১৯৯৯ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাজ্যপতির আদেশক্রমে

আব্দুল মদুদ চৌধুরী

সচিব।

আদেশ

ঢাকা, ১০ই প্রাবণ ১৪০৬/২৮শে জুলাই ১৯৯৯

এস, আর, ও নং ২২৭-আইন/৯৯/১৭৯৮/শব্দক—Customs Act, 1969 (IV of 1969) এর section 21(b) তে প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাংলা মোতাবেক ১০ই জুন, ১৯৯০ ইংরেজী তারিখের আদেশ নং এস, আর, ও ১১৪-আইন/৯০/১৫১১/শব্দক নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের "৭.৫%" সংখ্যাটির পরিবর্তে "৫%" সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১০ই জুন, ১৯৯৯ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আব্দুল মুর্তাদ চৌধুরী
সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।